

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার

জাতীয়রাজস্ববোর্ড

রাজস্বভবন

সেগুনবাগিচা, ঢাকা।

(শুল্ক নীতি)

স্থায়ী আদেশ নং ০১/২০১৮

তারিখঃ ৩১মার্চ ২০১৮খ্রিঃ।

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক, তারিখঃ ২৩-০২-২০০০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক পণ্য চালান মূল্যায়নপূর্বক শুল্কায়ন কর্মপদ্ধতি।**

আমদানি পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপণপূর্বক শুল্কায়নের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক, তারিখঃ ২৩-০২-২০০০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক পণ্য চালান নিম্নরূপ পদ্ধতিতে মূল্যায়নপূর্বক শুল্কায়নযোগ্য হবেঃ

- (১) **বিল অব এন্ট্রি (বিই) ও ডাটা এন্ট্রি শীট (ডিইএস):** আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক এ্যাসাইকুডা ওয়ার্ল্ড (এ্যাও) সিস্টেমএ বিই এর তথ্য সন্নিবেশ এবং ডিইএস প্রণয়নকালে আমদানি দলিলাদি (এলসিএ, এলসি, ইনভয়েস, প্রোফর্মা ইনভয়েস/ইন্ডেন্ট, বিল অব এক্সচেঞ্জ, বিল অব ল্যাডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা পণ্য জাহাজীকরণ/ যানজাতকরণ সংক্রান্ত দলিল, প্যাকিং লিস্ট, কান্ট্রি অব অরিজিন ও অন্যান্য সার্টিফিকেট ইত্যাদি)তে উল্লিখিত পণ্যের **বাণিজ্যিক বিবরণ** (পণ্যের বর্ণনা বা নাম, ব্র্যান্ড, আর্ট ও পার্ট নম্বর, স্পেসিফিকেশন, আকার ও আকৃতি, প্রকৃতি ইত্যাদি); **এইচএস কোড, বাণিজ্যিক এককে পরিমাণ** (সংখ্যা/একক/ইউনিট, ইঞ্চি/ফুট/গজ/মিলি/সেন্টি/ডেসি মিটার/লিটার, বর্গ বা ঘন ইঞ্চি/ফুট/ গজ/মিলি/ সেন্টি/ডেসি মিটার/লিটার ইত্যাদি); **কান্ট্রি অব অরিজিন** (সিওও); **ঘোষিত একক ও মোট মূল্য; মোট ও নীট ওজন** (কিলোগ্রাম) ইত্যাদি উল্লেখ করবেন;
- (২) **মূল্য ঘোষণা ফরম (ভিডিএফ) পূরণ ও দাখিলঃ** আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃকশুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ১১(১)(ক) এর বিধান মোতাবেক উক্ত বিধিমালার পরিশিষ্ট এর মূল্য ঘোষণা ফরমেআমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যাদি সন্নিবেশপূর্বক উক্ত ফরম পূরণ করে উক্ত ফরম আমদানি দলিলাদিসহবিই ও ডিইএসএর সাথে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন;
- (৩) **আমদানি দলিলাদি এবং ঘোষণার যথার্থতা যাচাইঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গুপের দায়িত্বপ্রাপ্ত এ্যাসিস্টেন্ট রেভেন্যু অফিসার (এআরও) ও রেভেন্যু অফিসার (আরও) কর্তৃক-